

রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ,
ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০০১.১৮.৬২১

তারিখ: ১ আশ্বিন ১৪২৬

১৬ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ -তে মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের অনুকূলে সৃষ্ট বিভিন্ন সুবিধা/উচ্চতর স্কেল প্রদানের নিমিত্ত তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: (১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৩.১৭-৩৮৬ তারিখ:
১১.০৬.২০১৯খ্রি:।

(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৪০.০৬.০৯৪-১৯-৮০ তারিখ:
২২.০৮.২০১৯খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান(মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮” তারিখ: ১৯ জুলাই, ২০১৮খ্রি. জারী করা হয়েছে।

০২. এই জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর আলোকে মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের অনুকূলে বিভিন্ন সুবিধা/উচ্চতর স্কেল প্রদানের সুযোগ অন্তর্ভুক্ত করা হয়েছে।

০৩. জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮-তে এর মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের অনুকূলে সৃষ্ট বিভিন্ন সুবিধা/উচ্চতর স্কেল প্রাপ্তি সংক্রান্ত বিষয়াবলী বাস্তবায়ন বিষয়ে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (টিএমইডি), শিক্ষামন্ত্রণালয় এর নির্দেশনা চেয়ে সূত্রোস্থ ১নং স্মারকে পত্র প্রেরণ করা হয়।

০৪. সূত্রোস্থ ১নং স্মারকের প্রেক্ষিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ -তে মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের অনুকূলে সৃষ্ট বিভিন্ন সুবিধা/উচ্চতর স্কেল প্রদানের জন্য মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের বাজেটে বরাদ্দ আছে কি-না, বরাদ্দ থাকলে এ খাতে কত টাকা বরাদ্দ রাখা হয়েছে- এ বিষয়ে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক তথ্য চেয়ে ২নং স্মারকে এ অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়।

০৫. মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ২০১৯-২০২০ অর্থবছরের বাজেটে বেসরকারি মাদ্রাসাসমূহের জন্য মঞ্জুরী (১২০০০১৫১০) খাতে বেতন-ভাতা সহায়তা বাবদ বরাদ্দ আছে ৩৯৪৫,৬২,৭৭,০০০/(তিন হাজার নয়শত পঁয়তাল্লিশ কোটি বাষট্টি লক্ষ সাতাত্তর হাজার টাকা)।

০৬. জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর আলোকে মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের অনুকূলে বিভিন্ন সুবিধা/উচ্চতর স্কেল প্রদানের জন্য বাজেটে পৃথকভাবে কোন বরাদ্দ নেই। তবে শিক্ষক-কর্মচারীদের অনুকূলে বিভিন্ন সুবিধা/উচ্চতর স্কেল প্রদানের জন্য যে পরিমাণ অর্থের প্রয়োজন হবে চলতি অর্থবছরের বাজেট থেকে তার সংস্থান করা সম্ভব হবে। যদি অতিরিক্ত অর্থের প্রয়োজন হয় তবে সংশোধিত বাজেটের সময় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের মাধ্যমে অর্থ বিভাগের নিকট চাহিদা দিয়ে সে অর্থের সংস্থান করা যেতে পারে।

০৭. এমতাবস্থায় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক জারীকৃত “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান(মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮” -তে মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের অনুকূলে সৃষ্ট বিভিন্ন সুবিধা/উচ্চতর স্কেল প্রদানের নিমিত্ত বাজেট সম্পর্কিত তথ্য পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয় বরাবর প্রেরণ করা হলো।

১৭-৯-২০১৯

সফিউদ্দিন আহমদ
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

✓ সচিব

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ


দৃষ্টি আকর্ষণঃ সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০০১.১৮.৬২১/১

তারিখ: ১ আশ্বিন ১৪২৬
১৬ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অফিস, কপি



১৭-৯-২০১৯

মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক